

নকলমুক্ত প্রতিষ্ঠানে দেয়া হবে এক শ' ভাগ বেতন, নকলপ্রবণ প্রতিষ্ঠানে বেতন কমবে ॥ শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ॥ আগামী ২৯ মে থেকে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় সাত বোর্ডে মোট পাঁচ লাখ ৩০ হাজার ৩৩০ পরীক্ষার্থী অংশ নিতে যাবে। একই দিন থেকে শুরু হওয়া আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় অংশ নেবে ৯২ হাজার ৪৪৬ পরীক্ষার্থী। নকলমুক্ত পরিবেশে এইচএসসি পরীক্ষা-অনুষ্ঠান সম্পর্কিত এক মতবিনিময় সভায় শুক্রবার শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, দেশের জেলা ও থানা যেমন নিরক্ষরমুক্ত ঘোষণা করা হচ্ছে, তেমনি শিক্ষা প্রতিষ্ঠান ও এলাকা

নকলমুক্ত ঘোষণা করা হবে। নকলমুক্ত প্রতিষ্ঠানের শিক্ষকদের এক শ' ভাগ বেতন দেয়া হবে এবং

২৯ মে এইচএসসি পরীক্ষা

নকলপ্রবণ প্রতিষ্ঠানের বেতন কমানো হবে বলে মন্ত্রী তাঁর বক্তৃতায় উল্লেখ করেন। শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম বলেছেন, আগামী জুলাই মাস থেকে দেশের ৫০টি (২- পৃষ্ঠা ৫-এর লঃ দেখুন)

নকলমুক্ত প্রাতিষ্ঠানে

(প্রথম পাতার পর)

সুদে পরীক্ষামূলকভাবে সিস্টেম চালা করা হবে। ২০০৪ সালের জানুয়ারি থেকে দেশের সকল স্কুলে সিস্টেমের পদ্ধতি চালু হবে। এদিকে এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস সম্পর্কে দৈনিক জনকণ্ঠে প্রকাশিত ববর সম্পর্কে ঢাকা শিক্ষা বোর্ড একটি ব্যাখ্যা দিয়েছে। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর শাহ মোহাম্মদ ফরহাদ স্বাক্ষরিত এই ব্যাখ্যায় বলা হয়, ঢাকা বোর্ডের কাছে প্রশ্নপত্র ফাঁসের কোন তথ্য নেই। তবে একটি অত্যন্ত চক্র অসং উদ্দেশ্যে এহেন কার্যকলাপে লিপ্ত হয়ে থাকতে পারে। এ ধরনের নিশ্চিন্দ ও ঘৃণ্য কার্যকলাপে কোমলমতি পরীক্ষার্থীদের এবং সংশ্লিষ্ট সকলকে বিভ্রান্ত না হবার অনুরোধ জানিয়েছেন পরীক্ষা নিয়ন্ত্রক। তিনি বলেন, এক শ্রেণীর পরীক্ষার্থী অনির্ভরযোগ্য এসব প্রশ্নপত্র সংগ্রহ করতে ব্যস্ত হয়ে পড়েছে এবং ছোট্ট ছুটি ও টাকাপয়সা পেনদেনের মতো ঘটনাও ঘটছে বলে যে বক্তব্য প্রকাশ হয়েছে তা হতে পারে। কিন্তু এমন কোন তথ্য বোর্ডের কাছে নেই এবং পরীক্ষার্থীদের এ জন্য বিভ্রান্ত হওয়া উচিত নয়। জানা যায়, এইচএসসি পরীক্ষায় সাত বোর্ডে মোট ৫ লাখ ৩০ হাজার ৩৩০ পরীক্ষার্থীর মধ্যে ঢাকা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা সর্বোচ্চ ১ লাখ ৬৩ হাজার ৫৩৯। এ ছাড়া রাজশাহী বোর্ড থেকে ১ লাখ ৫২ হাজার ৪৫০, চট্টগ্রাম বোর্ড থেকে ৪৫ হাজার ২৩৮, সিলেট বোর্ড থেকে ১৯ হাজার ২২৫, কুমিল্লা বোর্ড থেকে ৪৪ হাজার ৭৭৭, যশোর বোর্ড থেকে ৬৯ হাজার ২৬৪ এবং বরিশাল বোর্ড থেকে ৩২ হাজার ৩৩৭ পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। আলিম পরীক্ষায় ৬৩ হাজার ২৯২, ফাজিল পরীক্ষায় ২১ হাজার ৫৯৩ এবং কামিল পরীক্ষায় ৭ হাজার ৫৬১ পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

এদিকে নকলমুক্ত পরিবেশে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠান সম্পর্কে এক মতবিনিময় সভা শুক্রবার রাজধানীর বিয়াম মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বোর্ডের আওতাভুক্ত বিভিন্ন জেলার ডিসি, এসপি এবং অধ্যক্ষবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। সভায় বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী, সচিব ছাড়াও শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন, ঢাকা বোর্ডের চেয়ারম্যান এবং শিক্ষা অধিদফতরের ডিজি প্রফেসর মোহাম্মদ জুনায়েদ।